দৈনিক সংবাদ

000624

তারিখ 02 JAN 1986
পৃষ্ঠা 11 কলাম 7

# বেগম রোকেয়া মেমোরিয়াল স্কুলে শিক্ষা বিঘ্নিত

রংপুর, ৩০শে ডিসেম্বর (জেলা বার্তা পরিবেশক)।—বেগম রোকেয়া মেমোরিয়াল স্কুলটির সংস্কার করা হয়েছে, কিন্তু শিক্ষার মানের তেমন কোন পরিবর্তন হয়নি।

১৯৩৭ সালে রংপুর শহর থেকে ৯ মাইল দূরে পায়রাবন্দ এলাকায় এই স্কুলটি স্থানীয় কিছু উদ্যোগী লোকের সহায়তায় গড়ে উঠে। নারী জাগরণের অগ্রদূতী বেগম রোকেয়ার নামে এর নামকরণ হয়। ধীরে ধীরে এখানে বালিকা ও বালকদের জন্য পৃথক পৃথক ব্যবস্থায় গড়ে তোলা হয় বেগম রোকেয়া মেমোরিয়াল হাইস্কুল ও বালিকাদের জন্য পৃথক স্কুল। বর্তমানে এই দু'টি স্কুলে ছাত্র ও ছাত্রীর সংখ্যা প্রায় এক হাজার।

প্রথম প্রতিষ্ঠা হবার সময় এখানে ছাত্র ও ছাত্রীর সংখ্যা ছিল অত্যন্ত নগণ্য। এখন দু'শিফটে ক্লাস নিতে হচ্ছে। স্কুলটির ভবন ও বিভিন্ন ঘরের অংশ ভেঙ্গে পড়ে যাচ্ছিল। স্থানীয় লোকজন চাঁদা তুলে এর সংস্কার করতো। কিন্তু গত '৮১ সালে সরকারী উদ্যোগে এর সংস্কার কাজ করা হয়। প্রায় ৭ লাখ টাকা ব্যয় করে নতুন পাকা ভবন, চেয়ার, টেবিল, বেঞ্চ ও অন্যান্য আসবাবপত্রের ব্যবস্থা করা হয়। যাতায়াতের সুবিধার জন্য পায়রাবন্দ থেকে শহরের প্রধান সড়ক পর্যন্ত পাকা করা হয়েছে। (কিছু অংশ বাদে)। সরকারী আমলা ও ঠিকাদারের মধ্যে 'উপরি' পাওনা নিয়ে গোলযোগ দেখা দেয়ায় রাস্তার কিছু অংশের কাজ গত দু'বছর থেকে সম্পন্ন করা হচ্ছেনা। স্কুলের শিক্ষকরা নিয়মিত ক্লাসে আসেন না বলে অভিভাবকরা অভিযোগ করেছেন। প্রায় এক হাজার ছাত্রছাত্রীর জন্য শিক্ষক রয়েছে মাত্র ১১ জন। শিক্ষক সংখ্যা স্বল্পতা ও ক্লাসে উপস্থিত না থাকার কারণে ছাত্রছাত্রীদের লেখাপড়া দারুণভাবে ব্যাহত হচ্ছে। অভিভাবক মহল দাবী তুলেছেন, শুধু সরকারী পর্যায়ে স্কুলটির সংস্কার কাজ করেই এর উন্নতি সাধন সম্ভব নয়। শিক্ষক সমস্যার সমাধানও করতে হবে। নতুন ও পর্যাপ্ত সংখ্যক শিক্ষক নিয়োগ করে বিদ্যালয়টির শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনা প্রয়োজন বলে সবার মত।



রংপুর: পায়রাবন্দের বেগম রোকেয়া মেমোরিয়াল স্কুল। —সংবাদ